যে ব্যক্তি মারা গেল অথচ তার নফসকে জিহাদ সম্পর্কে উদ্বুদ্ধ করে নি, সে মুনাফিকীর একটি শাখার ওপর মারা গেল।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু হতে মারফু‘ হিসেবে বর্ণিত, “যে ব্যক্তি মারা গেল অথচ তার নফসকে জিহাদ সম্পর্কে উদ্বুদ্ধ করে নি, সে মুনাফিকীর একটি শাখার ওপর মারা গেল।” [সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

জিহাদ করতে সক্ষম প্রত্যেক ব্যক্তির যখন মৃত্যু চলে আসে, অথচ ইতোপূর্বে সে জিহাদ করে নি এবং তার অন্তরকে জিহাদ করার ওপর উদ্বুদ্ধ করে নি, তাহলে বুঝতে হবে তার মধ্যে কিছুটা নিফাকি বিদ্যমান আছে। আর জিহাদের বাহ্যিক নিদর্শন হলো, যুদ্ধের অস্ত্র তৈরি করা। আল্লাহ তা‘আলা বলেন, “যদি তারা বের হওয়ার ইচ্ছা করত, তাহলে তার জন্য তারা প্রস্তুতি গ্রহণ করত”। [সূরা আত-তাওবাহ, আয়াত: ৪৬] আর তাঁর বাণী: “সে মুনাফিকির একটি শাখার ওপর মারা গেল।” অর্থাৎ নিফাকের ধরণসমূহের একটি ধরণের ওপর। অর্থাৎ যে এর ওপর মারা যাবে সে মুনাফিক ও জিহাদ থেকে পিছে থাকা ব্যক্তিদের সাথে সাদৃশ্য রাখলো। আর যে ব্যক্তি কোনো সম্প্রদায়ের সাথে সাদৃশ্য রাখে সে তাদেরই দলভুক্ত। সুতরাং প্রত্যেক মুমিনের ওপর ওয়াজিব হলো জিহাদের নিয়ত করা।

http://sunnah.global/hadeeth/bn/show/6404